

## YPSA- USAID's Youth Entrepreneurship and Empowerment (YES) Activity

বর্তমান কোভিড-১৯ মহামারীর কারণে সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রাখার নিমিত্তে বেশীরভাগ সভা, সেমিনার, প্রশিক্ষণ, আলোচনা সভা, মতবিনিময় সভা অনলাইনের মাধ্যমে আয়োজন করার জন্য সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাসমূহ বিভিন্ন উদ্যোগ গ্রহন করেছে। এর অংশ হিসেবে স্থায়ীত্বশীল উন্নয়নের জন্য সংগঠন ইপসার বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের সভা, সেমিনার, প্রশিক্ষণ, আলোচনা সভা, মতবিনিময় সভা অনলাইনের মাধ্যমে আয়োজন করার উদ্যোগ গ্রহন করেছে। উক্ত ধারাবাহিকতায় **YPSA- USAID's Youth Entrepreneurship and Empowerment (YES) Activity**র অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ আয়োজনে অংশগ্রহনকারীদের আবেদনের জন্য শর্তাবলী নিম্নে উপস্থাপন করা হলো:

### অনলাইন প্রশিক্ষণে আবেদনের শর্তাবলী:

১. প্রশিক্ষণ গ্রহনে ইচ্ছুক নারী ও পুরুষদের বয়স ১৪ থেকে ৩৫ বছর এর মধ্যে হতে হবে।
২. আবেদনকারীদের অবশ্যই স্থানীয় বাসিন্দা (রামু, উখিয়া, টেকনাফ ও কক্সবাজার সদর) হতে হবে।
৩. আবেদনকারীর অবশ্যই জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন থাকতে হবে।
৪. সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী অথবা তার প্রকৃত পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
৫. প্রশিক্ষণার্থী ১৮-র নিচে হলে, জন্মসনদ/ জন্মনিবন্ধন থাকতে হবে।
৬. বেকার অথবা চাকরীর জন্য প্রয়োজনীয় দক্ষতার অভাব রয়েছে এমন হতে হবে।
৭. কাউকে কোন নির্দিষ্ট প্রশিক্ষণে অংশগ্রহন করার পূর্বে অবশ্যই তার দক্ষতা পরিমাপের জন্য সক্ষমতা যাচাই পরীক্ষা নেওয়া হবে।
৮. সুবিধাভোগী প্রশিক্ষণার্থীর অথবা তার পরিবারের স্মার্ট ফোন থাকতে হবে (অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে)।
৯. অবশ্যই চাকরী করার বা উদ্যোগ গ্রহন করার বা উদ্যোক্তা হবার ইচ্ছা থাকতে হবে।